NEW BLOWN

-An Int'l Standard School-

Class-Four

9th & 10th Week

Subject	Lesson
Bang.-I	১) ঘুরে আসি সোনারগাঁও রিডিং, রিডিং থেকে সংক্ষিপ্ত প্র:উ: পড়া। ২) পাহাড়পুর, পাখির জগৎ, খলিফা হযরত উমর (রা) গল্পসমূহের রিডিং , রিডিং থেকে সংক্ষিপ্ত প্র:উ: নিজে অনুশীলন। ৩) 'বীরপুরুষ' কবিতা পড়া। পৃ: ৮৪, ৮৫ + বই এর ৪,৫নং আলোচনা ৪) 'মা' কবিতা পড়া। অনুশীলনীর ৩নং আলোচনা।
Bang.-II	১) সন্ধি, কারক, পদ কাকে বলে? প্রত্যেকটির সংজ্ঞাসহ উদাহরণ ও প্রকারভেদ। ২) ক্রিয়াপদের চলিতরূপ: (জমিতেছিল –আসিবেন) পৃ: ০৬ ৩) ক্রিয়াপদের অতীত, বর্তমান, ভবিষ্যৎ রূপ লিখন (মরা–ডাকা) পৃ: ৭৪, ৭৫। ৪) বিপরীত শব্দ: (ইতি–দুঃখ) পৃ: ১০০, ১০১।
Eng.-I	i) E.F.T: Unit-29 (Lesson 4-6) Reading + Pg-69 (B) C.W; (C) H.W ii) E.G.C: Form fill up: 9, 10 (Pg-196) iii) E.G.C: Punctuation: Unit-31,33 (Pg-138) iv) E.F.T: 34 Reading (Pg-68) + Pg (69) B,D (C.W) v) E.G.C: Letter: 5 No. (Pg-184) vi) E.G.C: Punctuation: Unit-38, 41 (Pg-138,199)
Eng.-II	i) Similar and opposite word: Unit (15) Pg-125; Unit-16 (pg-125) ii) Pagraph: A Labourer (Pg-204) iii) Definition, Kinds and Example of prepostion (Two examples of each kinds) iv) Right form of verb: Rules (11-14) Pg-105 v) Gender: Rule 1,3 1st column এর (Pg-79)
Math	১) অধ্যায়-৯ এর পৃ: ১১০ এর ১,২,৩,৪ এর (১,২)নং + পৃ: ১১৭ এর ১নং + ১২০ পৃ: এর (২,৩,৪,৫,৬,৭)নং + অধ্যায় ১০ এর ১২৬পৃ: (১-৫)নং (C.W) ২) নামতা: ১৮, ১৯, ২০ এর ঘরের নামতা পড়া।
B.G.S	১) অধ্যায়-১১ (বাংলাদেশের ভূপ্রকৃতি) এর পৃ: (৫২–৫৯) রিডিং পড়া। রিডিং থেকে শূন্যস্থান, বাম-ডান পড়া। ২) অধ্যায়-১১ এর রিডিং থেকে ২০টি সংক্ষিপ্ত নিজে অনুশীলন। *** যোগ্যতাভিত্তিক প্র:উ: (শীট থেকে)** ১) ভূ-প্রকৃতি অনুসারে বাংলাদেশকে কয়টি অঞ্চলে ভাগ করা হয়েছে? সেগুলোর অঞ্চলগুলোর নাম লিখ। উক্ত অঞ্চলের সংক্ষেপে বর্ণনা দাও। ২) বঙ্গোপসাগর বাংলাদেশের কোন দিকে অবস্থিত? বঙ্গোপসাগরের আশেপাশে অবস্থিত তিনটি স্থানের নাম লিখ। পৃথিবীর দীর্ঘতম সমুদ্রসৈকত সম্পর্কে ৪টি বাক্য লিখ।
Science	অধ্যায়-৯ (আমাদের জীবনে প্রযুক্তি) রিডিং পৃ: (৬২-৬৬) পর্যন্ত এবং অনুশীলনীর ১,২,৩,৫নং + রিডিং থেকে সংক্ষিপ্ত প্র:উ:, শূন্যস্থান পূরণ পড়া। **যোগ্যাতাভিত্তিক প্র:** ১) প্রযুক্তি কী? আমাদের দৈনন্দিন জীবনে কী কী প্রযুক্তি ব্যবহার করে থাকি? বাসস্থান ও চিকিৎসা প্রযুক্তির দুটি ব্যবহার লিখ। ২) কৃষি কাজে আমরা কোন কোন প্রযুক্তি ব্যবহার করি? কৃষি কাজে ব্যবহৃত প্রযুক্তিগুলোর ২টি করে ব্যবহার লিখ। (পৃ: ৬২-৬৪) থেকে দাগিয়ে পড়বে। অধ্যায়-১০: (আবহাওয়া ও জলবায়ু) রিডিং পৃ: (৬৮-৭৭) পর্যন্ত রিডিং অন্তর্ভূক্ত সংক্ষিপ্ত প্র:উ:, শূন্যস্থান পড়া + অনুশীলনী ১,২,৩,৫নং পড়া। **যোগ্যতাভিত্তিক প্র:** ১) আবহাওয়া কী? আবহাওয়ার উপাদানগুলোর ২টি করে ব্যবহার লিখ। ২) জলবায়ু কী? বাংলাদেশের জলবায়ু সম্পর্কে ৬টি বাক্য লিখ। (পৃ: (৬৮-৬৯), (৭৭, ৭৬) থেকে।
Islam Reli.	১) অধ্যায়-৩ (আখলাক) সম্পূর্ণ রিডিং এবং রিডিং থেকে আখলাক, আব্বা-আম্মা, শিক্ষককে সম্মান করা, বড়দের সম্মান ও ছোটদের স্নেহ করা, প্রতিবেশীর সাথে ভালো ব্যবহার, রোগীর সেবা করা, সত্য কথা বলা, ওয়াদা পালন করা, লোভ না করা, অপচয় না করা, পরনিন্দা না করা, ইত্যাদি পড়বে ও জানবে। এবং এগুলো থেকে ছোট প্রশ্নে ও সংক্ষিপ্ত প্রশ্ন নিচে অনুশীলন করবে। ২) অধ্যায়-৩ (আখলাক) অনুশীলনীর ক,খ,গ নং এবং সংক্ষিপ্ত প্র:উ: পড়া। (শিক্ষার্থীরা সম্পূর্ণ অধ্যায় সম্পর্কে পুনরায় বিশদভাবে জানবে)
Hindu Reli.	১) সপ্তম অধ্যায়: (১ম পরিচ্ছেদ) স্বাস্থ্যরক্ষা পৃ: ৫০ রিডিং + পৃ: ৫১, ৫২ এর (ক,গ,ঘ)নং পড়া। ২) অধ্যায়-৭: ১ম পরিচ্ছেদের যোগ্যতাভিত্তিক প্রশ্নোত্তর পড়া (শীট যাবে)

NEW BLOWN
- An Int'l Standard School-

বিষয়ঃ বাংলাদেশ ও বিশ্বপরিচয় শ্রেণিঃ চতুর্থ

অধ্যায়ঃ ১১ (বাংলাদেশের ভূপ্রকৃতি)

যোগ্যতাভিত্তিক / কাঠামোবদ্ধ প্রশ্নোত্তরঃ

১। ভূ-প্রকৃতি অনুসারে বাংলাদেশকে কয়টি অঞ্চলে ভাগ করা হয়েছে? সেগুলোর/অঞ্চলগুলোর নাম লিখ। উক্ত অঞ্চলগুলোর সংক্ষেপে বর্ণনা দাও।

উত্তরঃ ভূ-প্রকৃতি অনুসারে বাংলাদেশকে ৩টি অঞ্চলে ভাগ করা হয়েছে।

অঞ্চলগুলোর নাম হলোঃ ক) পাহাড়ি অঞ্চল, খ) উঁচু ভূমি ও গ) সমভূমি অঞ্চল।

উক্ত অঞ্চলগুলোর বর্ণনা নিচে দেওয়া হলোঃ

ক) পাহাড়ি অঞ্চলঃ বাংলাদেশের দক্ষিণ-পূর্ব ও উত্তর-পূর্ব দিকে কিছু পাহাড় আছে। এই পাহাড় গুলো রাঙামাটি, খাগড়াছড়ি, বান্দরবান ও চট্টগ্রাম জেলায় অবস্থিত। পাহাড়ি এলাকায় বনভূমি রয়েছে।

খ) উঁচুভূমিঃ পাহাড়ি এলাকা থেকে নিচু এসব উঁচু ভূমি পুরাতন পলি দ্বারা গঠিত। নদীর স্রোতে বয়ে আসা পলিমাটি জমা হয়ে এসব ভূমি তৈরি হয়েছে।

গ) সমভূমি অঞ্চলঃ সমভূমি নতুন পলি দিয়ে গঠিত এবং উত্তর থেকে দক্ষিণে কিছুটা ঢালু। এই সমভূমির উপর দিয়ে বয়ে গেছে অনেক নদী। এছাড়া এ ভূমিতে প্রায়ই বন্যা হওয়ার কারণে নতুন পলিমাটি জমা হয়ে এই ভূমির মাটিকে উর্বর করে।

২। বঙ্গোপসাগর বাংলাদেশের কোন দিকে অবস্থিত? বঙ্গোপসাগরের আশেপাশে অবস্থিত তিনটি স্থানের নাম লিখ। পৃথিবীর দীর্ঘতম সমুদ্রসৈকত সম্পর্কে ৪টি বাক্য লিখ।

উত্তরঃ বঙ্গোপসাগর বাংলাদেশের দক্ষিণে অবস্থিত। বঙ্গোপসাগরের আশেপাশে অবস্থিত তিনটি স্থানের নাম হলোঃ- i) সুন্দরবন, ii) কক্সবাজার, iii) কুয়াকাটা

পৃথিবীর দীর্ঘতম সমুদ্রসৈকত সম্পর্কে ৪টি বাক্য নিচে তুলে ধরা হলোঃ

ক) কক্সবাজার সমুদ্রসৈকত পৃথিবীর দীর্ঘতম বালুকাময় সমুদ্রসৈকত।

খ) এ সমুদ্রসৈকতটি চট্টগ্রাম বিভাগের কক্সবাজার জেলায় অবস্থিত।

গ) এ সমুদ্রসৈকতের সীমানা বঙ্গোপসাগরের উপকূল বরাবর ১২০ কিলোমিটার পর্যন্ত বিস্তৃত।

ঘ) এ সমুদ্রসৈকতের দক্ষিণে আছে বাংলাদেশের একমাত্র প্রবালদ্বীপ “সেন্টমার্টিন দ্বীপ”।

NEW BLOWN
- An Int'l Standard School-

বিষয়ঃ হিন্দুধর্ম শিক্ষা

শ্রেণিঃ চতুর্থ

অধ্যায়ঃ ৭ (১ম পরিচ্ছেদ)

যোগ্যতাভিত্তিক/ কাঠামোবদ্ধ প্রশ্নোত্তরঃ

১। **স্বাস্থ্য কী? স্বাস্থ্য ভালো না থাকলে কী হয়? স্বাস্থ্যের সাথে ধর্মের সম্পর্ক বিষয়ে ৪টি বাক্য লিখ।**

উত্তরঃ শরীর সুস্থ থাকার নামই স্বাস্থ্য। স্বাস্থ্য ভালো না থাকলে কোনো কাজউ ঠিকমতো করা যায় না। স্বাস্থ্যের সাথে ধর্মের সম্পর্ক বিষয়ে ৪টি বাক্য হলো-

ক) ধর্মচর্চা করতে গেলে শরীর অবশ্যই সুস্থ রাখতে হয়।

খ) অসুস্থ শরীরে ধর্মশিক্ষা হয় না।

গ) অসুস্থ মনে ধর্মের কথা চিন্তা করা যায় না।

ঘ) সুস্থ থাকলে সঠিকভাবে ধর্মচর্চা করা যায়।

এথেকেই বুঝা যায় যে, স্বাস্থ্য ও ধর্মচর্চা একে অপরের সাথে সম্পর্কিত।

২। **স্বাস্থ্য রক্ষার ৩টি উপায় লিখ। স্বাস্থ্যরক্ষা শিক্ষার্থীদের জন্য প্রয়োজন কেন ৫টি বাক্যে লিখ।**

উত্তরঃ স্বাস্থ্য রক্ষার তিনটি উপায় হলো-

ক) নিয়মিত ও পরিমিত আহার গ্রহণ।

খ) হাত ও পায়ের জীবানু দূরা করা ও পরিষ্কার-পরিচ্ছন্ন থাকা।

গ) শরীরে রক্ত চলাচল সঠিক রাখতে নিয়মিত খেলাধুলা।

শরীর সুস্থ না থাকলে শিক্ষার্থীরা ঠিকভাবে পড়াশোনায় মনোগেী হতে পারেনা। তাই তাদের পড়াশুনা ঠিকভাবে করার জন্য নিয়য়নীতি মেনে স্বাস্যরক্ষা করা প্রয়োজন। কথায় আছে- 'স্বাস্থ্যই সকল সুখের মূল।' স্বাস্থ্য ভালো না থাকলে কোনো কাজই ঠিক ভাবে করা যায় না। তাই যেকোনো কাজ সঠিকভাবে করার জন্য শিক্ষার্থীদের সুস্বাস্থ্যের অধিকারী হতে হবে।